ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩১০২

অমরপুর, ৩ অক্টোবর, ২০২৫

**অমরপুরে মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী উদযাপন**

মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে ও অমরপুর নগর পঞ্চায়েতের সহযোগিতায় গতকাল অমরপুর নগর পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গণে মহাত্মা গান্ধী জন্মজয়ন্তী পালন করা হয়। অনুষ্ঠানে বিধায়ক রঞ্জিত দাস, অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারম্যান বিকাশ সাহা, নগর পঞ্চায়েতের প্রাঙ্গণ চেয়ারম্যান তরুণ চক্রবর্তী, সমাজসেবক উজ্জ্বল দত্ত প্রমুখ উপস্থিত ছিলেন। অতিথিগণ মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ অর্পণ করেন। অনুষ্ঠানে স্থানীয় শিল্পীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। এছাড়াও অনুষ্ঠানে অমরপুর নগর পঞ্চায়েতের উদ্যোগে অমরপুর নগর পঞ্চায়েত এলাকার আবর্জনা সংগ্রহকারী ৭৫ জন শ্রমিকদের মধ্যে বিনামূল্যে পোশাক বিতরণ করা হয়।

*******